বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৪০ তারিখঃ ০১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৫.০৩.২০২১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিবৃন্দদের মধ্যে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পুঁজিবাজারের উন্নয়নে উভয় প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয়সহ পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত কোন বিষয়ে পদক্ষেপ গ্রহণের পূর্বে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং অন্যান্য বিষয়ে ফলপ্রসু আলোচনা হয়েছে। সভায় উক্ত দু'টি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ নীতিগতভাবে নিম্নলিখিত বিষয়ে একমত হয়েছেন:-

০১। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ব্যাংকের লভ্যাংশ প্রদানের সর্বোচ্চ সীমা (উক্ত সার্কুলারের ১ (ক) এ বর্ণিত সিলিং) ৫% বাড়িয়ে ৩০% থেকে ৩৫% করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা জারী করবে।

০২। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ব্যাংক বর্হিভূত আর্থিক প্রতিষ্ঠানের নগদ লভ্যাংশ প্রদানের সর্বোচ্চ সীমার (১৫%) অতিরিক্ত বোনাস শেয়ার সামর্থ্য অনুসারে ইস্যুর ঘোষণা করতে পারবে। বিষয়টি বাংলাদেশ ব্যাংক স্পষ্টিকরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। তফসিলি ব্যাংকগুলোর ২০০ (দুইশত) কোটি টাকার বিশেষ তহবিল পুঁজিবাজারে বিনিয়োগ উৎসাহিত করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন উভয়ই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

০৪। বিশেষ মিউচ্যুয়াল ফান্ড (এসপিএফ) এ তফসিলি ব্যাংকগুলোর ২০০ (দুইশত) কোটি টাকা বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে ২০১৫ সালে বাংলাদেশ ব্যাংকের জারীকৃত সার্কুলার এ কিছুটা পরিবর্তন এনে এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সম্পদ ভিত্তিক বিধিমালা), ২০০৪ এর যুগোপযোগীর মাধ্যমে এসপিভি এর তহবিল সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ এ বিনিয়োগের পাশাপাশি অন্যান্য ফিক্সড ইনকাম সিকিউরিটিজ যেমন: সুকুক, কর্পোরেট বন্ড, গ্রীণ বন্ড ইত্যাদিতে বিনিয়োগের সুযোগ সৃষ্টির বিষয়ে নীতিগতভাবে একমত পোষণ করা হয়েছে।

০৫। সরকারি ট্রেজারী বিল ও বন্ড স্টক এক্সচেঞ্জে লেনদেনের সুযোগ সৃষ্টির মাধ্যমে পুঁজিবাজারের সকল স্তরের বিনিয়োগকারীদের অংশগ্রহণ নিশ্চিত করণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও বিএসইসি যৌথভাবে কাজ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। পুঁজিবাজারের তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের লভ্যাংশে প্রদানের ক্ষেত্রে কর প্রদান সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত সার্কুলারের কার্যকারিতা বাতিলের বিষয়ে বাংলাদেশ ব্যাংক ও বিএসইসি এনবিআরকে অনুরোধ জানানো বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উভয় প্রতিষ্ঠান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৭। কমিশন কর্তৃক অনুমোদিত Tier-I Additional Capital হিসেবে ব্যাংকের মাধ্যমে ইস্যুকৃত Perpetual Bond স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির মাধ্যমে দ্রুত লেনদেনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়াও মিউচ্যুয়াল ফান্ডে উদ্যোক্তা হিসেবে ব্যাংকের বিনিয়োগ সংক্রান্ত এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ক্যাপিটাল মার্কেট এক্সপোজার গণনার ক্ষেত্রে বিনিয়োগকৃত সিকিউটিজের বাজার মূল্যের পরিবর্তে ক্রয় মূল্যের ভিত্তিতে গণনা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে প্রতিনিধিবৃন্দ কমিশনকে আশ্বস্ত করেছে।

15-03-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র